# 20788 - ওয়াক্ত হওয়ার আগে নামায আদায় করা

প্রশ্ন

এশার নামায নির্দিষ্ট ওয়াক্তে না পড়ে ঘুমাতে যাওয়ার আগে পড়া কি আমাদের জন্য জায়েয হবে? আশা করব দলিল উল্লেখ করবেন। ধন্যবাদ।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আল্লাহ্‌তাআলা বলেন: "নির্ধারিত সময়ে সালাত আদায় করা মুমিনদের উপর ফরয"।[সূরা নিসা, আয়াত: ১০৩] পাঁচ ওয়াক্ত নামাযের সময়সূচী ইতিপূর্বে 9940 নং প্রশ্নোত্তরে আলোচিত হয়েছে।

মুসলিম উম্মাহর ইজমা (ঐকমত্য) এর ভিত্তিতে ওয়াক্তের আগে নামায আদায় করা সহিহ নয়। যদি কেউ ওয়াক্ত হওয়ার আগে নামায আদায় করে তাহলে:

- যদি ইচ্ছাকৃতভাবে করে তাহলে তার নামায বাতিল এবং তার গুনাহ হবে।
- আর যদি অনিচ্ছাকৃতভাবে এই ধারণা থেকে করে যে, ওয়াক্ত প্রবেশ করেছে; তাহলে সে গুনাহগার হবে না। আদায়কৃত নামাযটি নফল নামায হিসেবে গণ্য হবে। তবে তাকে ফরয নামাযটি পুনরায় আদায় করতে হবে; যেহেতু নামাযের জন্য ওয়াক্ত হওয়া শর্ত।

[শাইখ মুহাম্মদ বিন উছাইমীন (রহঃ) এর রচিত 'আশ্‌শারহুল মুমতি' (২/৮৮) থেকে সংকলিত]